

ঢাবির 'লস রিকভারি প্ল্যান' ছয় মাসের সেমিস্টার পাঁচ মাস ১২ মাসের ইয়ার ১০ মাস

ঢাবি প্রতিনিধি •

সেশনজট নিরসন ও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় 'লস রিকভারি প্ল্যান'-এর আওতায় ১২ মাসের বর্ষ ১০ মাসে এবং ৬ মাসের সেমিস্টার ৫ মাসে শেষ করার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মুনসী শামস উদ্দিন আহম্মদ স্বাক্ষরিত একটি চিঠি সম্প্রতি সব অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালক বরাবর পাঠানো হয়েছে।

চিঠিতে বলা হয়, 'লস রিকভারি প্ল্যান' অনুযায়ী, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের সেমিস্টার পদ্ধতিতে ৩য় থেকে ৮ম, মোট ৬টি সেমিস্টার, প্রতিটি ৬ মাসের পরিবর্তে ৫ মাস করে এবং বার্ষিক পদ্ধতিতে ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ প্রতিটি বর্ষ ১২ মাসের পরিবর্তে ১০ মাস করার সুপারিশ করা হয়।

সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট এই সেমিস্টার/বর্ষগুলোর বর্তমান অবস্থা বিবেচনা করে একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করবে। সেই অনুযায়ী প্রতিটি বিভাগ/ইনস্টিটিউটের সিলেবাস পরিমার্জন করে প্রতিটি সেমিস্টার ৫ মাস উপযোগী এবং প্রতিটি বর্ষ ১০ মাস উপযোগী করবে।

চিঠিতে আরও বলা হয়, গ্রীষ্মকালীন ছুটি আগামী ১-২১ জুন অপরিবর্তিত থাকবে। তবে একাডেমিক ক্যালেন্ডার প্রণয়নের স্বার্থে শুধু ২১ জুন একদিন সেমিস্টার (১টি ইন-কোর্স) পদ্ধতিতে ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করা যাবে। আর শীতকালীন ছুটি ১০-২৭ ডিসেম্বর নির্ধারণ করা হয়।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষের একাডেমিক ক্যালেন্ডার প্রসঙ্গে চিঠিতে বলা হয়, একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন কমিটির সভায় বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয়ভাবে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ১ম বর্ষের (২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ) একাডেমিক ক্যালেন্ডার (সেমিস্টার/বার্ষিক পদ্ধতি) প্রণয়ন করা হয়েছে। সব বিভাগ ও ইনস্টিটিউটকে অবশ্যই কেন্দ্রীয়ভাবে প্রণীত একাডেমিক ক্যালেন্ডার (১ম বর্ষ) অনুসরণ করতে হবে।